আলমডাঙ্গায় শিশু ফাহিমকে উদ্ধারে ফায়ার সার্ভিসের ডুবুরি দল

আলমডাঙ্গা উপজেলার নটা বিলের খালে পড়ে ফাহিম (৫) নামের এক শিশু নিখোঁজের ঘটনা ঘটেছে। গতকাল রোববার দুপুর দেড়টার দিকে খাসকররা ইউনিয়নের সানবাধা রাইসা নামক এলাকায় এ ঘটনা ঘটে। রাত সাড়ে ৮ টার দিকে খুলনা জেলা অভিজ্ঞ চারজন ডুবুরি দল উদ্ধার কাজ পরিচালনা করেন।

নিখোঁজ শিশু ফাহিম রাইসা সানবাধা গ্রামের গ্রাম্য চিকিৎসক আব্দুল হোসেনের ছেলে।

স্থানীয়রা জানায়, রোববার দুপুরে বাড়ির পাশে নটা বিলের খালের সাঁকোতে খেলা করছিল শিশু ফাহিম। ওই সময় ফাহিম খালের পানিতে পড়ে স্রোতে ভেসে যায়। পরিবারের সদস্যরা সাঁকোর উপর থেকে তার পায়ের স্যান্ডেল উদ্ধার করে। পরে বিকেল সাড়ে ৩ টার দিকে খবর পেয়ে আলমডাঙ্গা ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের কর্মীরা ঘটনাস্থলে উপস্থিত হয়ে উদ্ধার অভিযান চালায়। তাদের সাথে উদ্ধার অভিযানে অংশ নেন স্থানীয়রাও।

শিশুর পিতা গ্রাম্য চিকিৎসক আব্দুল হোসেন জানান, দুপুরে গোসলের আগে ফাহিম বাড়ির পাশে খালের সাঁকোর উপর খেলা করছিল। তার মা বাড়ির মধ্যে আসলে ফাহিম খালের পানিতে পড়ে যায়। পরে এলাকাবাসী মিলে খোঁজাখুঁজি করলেও শিশু ফাহিমকে খুঁজে পাওয়া যায়নি।

আলমডাঙ্গা ফায়ার সার্ভিস ও সির্ভিল ডিফেন্সের স্টেশন অফিসার আব্দুল্লাহ আল মামুন জানান, খবর পেয়ে বিকেলে পৌঁছে উদ্ধার অভিযান চালানো হয়েছে। বর্ষার কারণে খালে স্রোত থাকায় শিশুটিকে খুঁজে পাওয়া যায়নি।

তিনি আরও বলেন, রোববার খুলনা ফায়ার সার্ভিসের অভিজ্ঞ ডুবুরি দল উদ্ধার অভিযানে নেমেছে।

আলমডাঙ্গা থানার (ওসি) শেখ গণি মিয়া জানান, খালের পানিতে শিশু নিখোঁজের ঘটনায় পুলিশ মোতায়েন করা হয়েছে।

গাংনীতে আগুন নেভাতে গিয়ে গৃহকর্তা আহত

গাংনী উপজেলার হেমায়েতপুর গ্রামে ঘরের আগুন নেভাতে গিয়ে হাসান আলী (৩০) নামের এক গৃহকর্তা আহত হয়েছেন।
আজ রবিবার বিকেল ৪ টার দিকে এ দুর্ঘটনা ঘটে।

আহত হাসান গজারিয়া হেমায়েতপুর গ্রামের মৃত নজরুল ইসলামের ছেলে।

গৃহকর্তা হাসান আলী জানান, বিকেলের দিকে রান্না ঘরের চূলা থেকে বসত ঘরে আগুন লাগে। এসময় তিনি আগুন নেভাতে গিয়ে অগ্নিদগ্ধ হয়ে মারাত্বক ভাবে আহত হন।
স্থানীয়রা আগুন নেভানোর চেষ্টার পাশাপাশি বামন্দী ফায়ার স্টেশনকে খবর দিলে ফায়ার সার্ভিসের একটি দল ঘটনাস্থলে পৌঁছে আগুন নেভাতে সক্ষম হয়।
এদিকে ফায়ার স্টেশনের সদস্যরা আহত হাসানকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেয়।

মেহেরপুর শহরে ফার্নিচার গ্যালারিতে আগুন, ৪ লক্ষাধিক টাকার ক্ষতি

মেহেরপুর শহরের মসার্স রাবেয়া ফার্নিচার গ্যালারি নামের একটি ফার্নিচার বৈদ্যুতিক শর্ট সার্কিটে অগ্নিকান্ডের ঘটনায় প্রায় ৪ লক্ষাধিক টাকার মালামাল পুড়ে ভস্মিভূত হয়েছে।
রবিবার দিবাগত রাত আনুমানিক সাড়ে ১২ টার দিকে মেহেরপুর শহরের শহীদ গফুর সড়কের মেসার্স রাবেয়া ফার্নিচার গ্যালারিতে এই

অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে।

মেসার্স রাবেয়া ফার্নিচার গ্যালারি মালিক শরিফুল ইসলাম জানান, বৈদ্যুতিক শর্ট সার্কিটে অগ্নিকান্ডের ঘটনা থেকে এই ক্ষয়ক্ষতি হয়েছে। আকস্মিকভাবে এই অগ্নিকাণ্ডের ঘটনায় তার প্রায় ৪ লাখ টাকার মালামাল পুড়ে গেছে বলে জানান তিনি।
খবর পেয়ে মেহেরপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের সদস্যরা ঘটনা স্থলে পৌঁছে আগুন আওতায় আনে। তার আগেই মালামাল পুড়ে ছাই হয়ে যায়।

গাংনীতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহের উদ্বোধন

দুর্ঘটনা দুর্যোগ হ্রাস করি, বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ি এই স্লোগানকে নিয়ে গাংনীর বামন্দীতে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহের উদ্বোধনী করা হয়েছে।

মঙ্গলবার (১৫ নভেম্বর) সকালে উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ফায়ার ও ডিফেন্স সার্ভিস স্টেশনের (ভারপ্রাপ্ত) কর্মকর্তা ইসাহাক আলী বিশ্বাস।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম। বিশেষ অতিথির বক্তব্য রাখেন গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাক। গাংনী উপজেলা মৎস্য অফিসার খন্দকার শহিদ, এলাকার গন্যমান্য ব্যক্তি বিশিষ্ট শিল্পপতি হাজী মতিয়ার রহমার। এছাড়াও উপস্থিত ছিলেন স্থানীয় গণমান্য ব্যক্তিবর্গ।

মিরপুরে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহের শুভ উদ্বোধন

‘দুর্ঘটনা-দুর্যোগ হ্রাস করি, বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ি’, স্লোগানকে সামনে রেখে, কুষ্টিয়ার মিরপুরে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ-২০২২ শুভ উদ্বোধন করা হয়েছে।

মঙ্গলবার (১৫ নভেম্বর) সকালে মিরপুর ফায়ার সার্ভিস স্টেশন প্রাঙ্গণে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়।

অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান কামারুল আরেফীন।

মিরপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আব্দুল কাদেরের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন মিরপুর পৌরসভার মেয়র হাজী এনামুল হক, মিরপুর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আবুল কাশেম জোয়ার্দ্দার, মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রাশেদুল আলম ও মিরপুর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের স্টেশন অফিসার মোঃ সবুজ হোসেন।

এ সময় উপস্থিত ছিলেন মিরপুর ফায়ার সার্ভিস স্টেশনের সাব-অফিসার শাহে আলম ও অন্যান্য সদস্যবৃন্দ।

সংশ্লিষ্ট সূত্রে জানা যায়, এ উপলক্ষে বিভিন্ন কর্মসূচির আয়োজন করা হয়েছে। আগামী ১৭ নভেম্বর (বৃহস্পতিবার) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ ২০২২ সমাপ্তি হবে।

মুজিবনগরে ফায়ার সার্ভিস ও

সিভিল ডিফেন্স সপ্তাহ উদ্বোধন

দুর্ঘটনা-দুর্যোগ হ্রাস করি, বঙ্গবন্ধুর সোনার বাংলা গড়ি’ এই প্রতিপাদ্য নিয়ে মেহেরপুরের মুজিবনগরে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহের উদ্বোধন করা হয়েছে।

মুজিবনগর ফায়ার সার্ভিস স্টেশনে মঙ্গলবার বেলা সাড়ে ১১ টার সময় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ ২০২২ এর উদ্বোধন করেন উপজেলা নির্বাহী কর্মকর্তা অনিমেষ বিশ্বাস।

“ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ-২০২২” ১৫ নভেম্বর ২০২২ হতে ১৭ নভেম্বর ২০২২ পর্যন্ত চলবে। মুজিবনগর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের

ভারপ্রাপ্ত স্টেশন অফিসার শাহজাহান আলী বলেন ‘মুজিবনগর ফায়ার সার্ভিস স্টেশন সম্পর্কে মানুষের ধারণা বাড়ানো এবং মানুষ যাতে সহজে সেবা নিজে নিতে পারে সেজন্য সপ্তাহ ব্যাপি তারা তাদের অগ্নি নির্বাপক যানবাহন গুলো রয়েছে সেগুলো নিয়ে উপজেলাতে বিভিন্ন স্কুল জনসমাগম স্থলে অগ্নি নির্বাপক মহড়া পরিচালনা করবেন।সাথে দ্রুত সাধারণ মানুষ যাতে যোগাযোগ করতে পারে সে জন্যে তিনি বলেন ছোট হোক বড় হোক যে কোনো দুর্ঘটনা বা অগ্নিকাণ্ডে ২৪ ঘন্টা জরুরি সেবা পেতে ফায়ার সার্ভিস এর হটলাইনে 016163 কল করুন।

অথবা মুজিবনগর ফায়ার সার্ভিস এর নিজস্ব মোবাইল নম্বর 01734-314181 এ কল করার জন্য বলেন। মুজিবনগর ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন অফিসার (ভারপ্রাপ্ত) শাহজাহান আলীর সভাপতিত্বে, উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিভিন্ন নগর থানা অফিসার ইনচার্জ মেহেদি রাসেল।

কুষ্টিয়ায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহ শুরু

‘প্রশি¶ণ, পরিকল্পনা প্রস্তুতি দুর্যোগ মোকাবেলায় আনবে গত’ এই স্লোগানকে সামনে রেখে কুষ্টিয়ায় নানা আয়োজনের মধ্য দিয়ে শুরু হয়েছে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সেবা সপ্তাহ। যা চলবে আগামী ২১ নভে¤\^র পর্যন্ত।

বৃহস্পতিবার (১৯ নভে¤\^র) সকাল সাড়ে ১০টায় কুষ্টিয়া ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন চত্বরে উদ্বোধনী অনুষ্ঠানে বেলুন-ফেস্টুন উড়ানো, কেক কাটাসহ সং¶◌িপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

প্রধান অতিথি হিসেবে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স সপ্তাহের আনুষ্ঠানিক উদ্বোধন করেন কুষ্টিয়ার জেলা প্রশাসক মো: আসলাম হোসেন।

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কুষ্টিয়ার সহকারী পরিচালক মো: রফিকের সভাপতিত্বে অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের সিনিয়র ষ্টেশন ম্যানেজার আলী সাজ্জাদসহ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।